"বিসমিল্লাহির রাহমানির রাহিম"

ইউনিভার্সিটি অ্যান্ড মেডিকেল স্টুডেন্টস অ্যাসোসিয়েশন

গাবতলী, বগুড়া

University and Medical Students Association Gabtali, Bogura (UMSA)

গঠনতন্ত্র (Constitution)

কার্যকর তারিখ: ১ জুন, ২০১৮

খসড়া প্রণয়নে:

মেহেদী হাসান (এলএলবি অনার্স, এলএলএম), পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

সূচিপত্র (Table of Contents)

	পৃষ্ঠা
• **প্রথম ভাগ: প্রাথমিক বিষয়াবলি/পরিচিতি.....**	**০২**
○ ১) নাম	০২
○ ২) ধরন ও প্রকৃতি	০২
○ ৩) প্রতীক, মূলমন্ত্র ও স্লোগান	০২
○ ৪) লক্ষ্য ও উদ্দেশ্য	০২
• **দ্বিতীয় ভাগ: কার্যাবলি .....**	**০৩**
○ ৫) কার্যাবলি	০৩
• **তৃতীয় ভাগ: সাংগঠনিক কাঠামো.....**	**০৪**
○ ৬) সদস্যপদ অর্জন	০৪
○ ৭) সদস্যপদ বাতিল	০৪
○ ৮) স্থায়ী কমিটি সদস্য	০৪
○ ৯) আজীবন সদস্য	০৫
○ ১০) উপদেষ্টা পরিষদ	০৫
○ ১১) কার্যনির্বাহী কমিটি	০৫
○ ১২) উপদেষ্টা পরিষদের কার্যাবলি	০৭
○ ১৩) কার্যনির্বাহী কমিটির কার্যাবলি	০৭
○ ১৪) স্থায়ী সদস্যবৃন্দের কার্যাবলি	০৭
• **চতুর্থ ভাগ: বিবিধ.....**	**০৮**
○ ১৫) আয় ও ব্যয়	০৮
○ ১৬) অসামঞ্জস্যতা	০৮
○ ১৭) গঠনতন্ত্র সংশোধন	০৮
○ ১৮) প্রবর্তন ও বলবৎ	০৮

প্রথম ভাগ: প্রাথমিক বিষয়াবলি/পরিচিতি

১) নাম: এই সংগঠনের নাম **ইউনিভার্সিটি অ্যান্ড মেডিকেল স্টুডেন্টস অ্যাসোসিয়েশন, গাবতলী, বগুড়া (University and Medical Students Association, Gabtali, Bogura)**। সংক্ষেপে **(UMSA) Gabtali, Bogura** নামে পরিচিত হবে।

২) ধরন ও প্রকৃতি: ইউনিভার্সিটি অ্যান্ড মেডিকেল স্টুডেন্টস অ্যাসোসিয়েশন, গাবতলী, বগুড়া একটি শিক্ষামূলক, অলাভজনক, স্বেচ্ছাসেবামূলক ও অরাজনৈতিক সংগঠন হিসেবে পরিচিত হবে।

৩) প্রতীক , মূলমন্ত্র ও স্লোগান:

- **I) প্রতীক:** সংগঠনের প্রতীক হবে উভয় পাশে তিনটি করে টিয়া (বা নির্দিষ্ট) রঙের উন্মুক্ত বই, শীর্ষদেশে উচ্চশিক্ষা সমাপ্তির নির্দেশনাস্বরূপ সমাবর্তনে ব্যবহৃত টুপি এবং গাউন পরিহিত তিনজন শিক্ষার্থীর প্রতিকৃতি, যার নিম্নদেশে থাকবে উদীয়মান সূর্য।
- **II) মূলমন্ত্র:** "উচ্চশিক্ষায় দীপ্তিমান, জ্ঞানের আলোয় মানবিক মানুষ; গাবতলী উপজেলায় উচ্চশিক্ষায় সচেতনতা ও সহযোগিতা বৃদ্ধি।"
- **III) স্লোগান:** এই সংগঠনের স্লোগান হবে, "উচ্চশিক্ষা অর্জন করি, আলোকিত সমাজ গড়ি"।

৪) লক্ষ্য ও উদ্দেশ্য: গাবতলী উপজেলার শিক্ষার্থীবৃন্দ, যারা বাংলাদেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়, সরকারি বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও সরকারি মেডিকেল কলেজে অধ্যয়নরত এবং প্রাক্তন শিক্ষার্থীবৃন্দ সংঘবদ্ধ ও ঐক্যবদ্ধভাবে অবস্থান করবে এবং বিভিন্ন স্বেচ্ছাসেবামূলক ও উচ্চশিক্ষা সচেতনতামূলক কার্যক্রম আয়োজন ও অংশগ্রহণের মাধ্যমে এলাকার গুণগত উন্নয়ন সাধন করবে।

দ্বিতীয় ভাগ: কার্যাবলি

৫) কার্যাবলি: এই সংগঠনের মুখ্য কার্যাবলি হবে নিম্নরূপ—

- I) গাবতলী উপজেলার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি, এমপিওভুক্ত হাই স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা-সহায়ক প্রতিষ্ঠান এবং অন্যান্য উপযোগী স্থানে উচ্চশিক্ষা সচেতনতা তৈরির লক্ষ্যে সভা, সেমিনার, কর্মশালা, কুইজ, প্রশিক্ষণ প্রভৃতির আয়োজন ও বাস্তবায়ন করা।
- II) গাবতলী উপজেলার সকল স্তরের শিক্ষার্থীদের উচ্চশিক্ষা সম্পর্কে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে ক্যারিয়ার গাইডলাইন প্রদান।
- III) গাবতলী উপজেলার প্রতি বছর বিভিন্ন সরকারি পাবলিক বিশ্ববিদ্যালয় ও সরকারি মেডিকেল কলেজে ভর্তির সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের নিয়ে নবীনবরণ ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা।
- IV) সংগঠনের ফান্ডে পর্যাপ্ত তহবিল থাকা সাপেক্ষে মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের আর্থিকভাবে সহযোগিতা করা।
- V) বিভিন্ন ধরনের সমাজসেবামূলক কাজে অংশগ্রহণ ও আয়োজন করা।
- VI) বিশেষ ক্ষেত্রে সংগঠনের কার্যনির্বাহী কমিটির ঐকমত্যের ভিত্তিতে অনলাইনে বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করতে পারবে যা সংগঠনের কল্যাণকর ও সাংগঠনিক কার্যক্রমের অংশ হবে।
- VII) গাবতলী উপজেলার শিক্ষার্থীদের মানোন্নয়ন এবং সংগঠনের গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সম্পর্কিত মাসিক সভার আয়োজন করা।
- VIII) সংগঠনের সদস্যদের মধ্যে কর্মস্পৃহা বৃদ্ধি ও অনুপ্রাণিত করতে সক্রিয়, নিবেদিত ও যোগ্য সদস্যদের বিভিন্ন ধরনের অ্যাওয়ার্ড বা পুরস্কার প্রদান করা।
- IX) সংগঠনকে এগিয়ে নিতে একে বিশ্ববিদ্যালয়ভিত্তিক কয়েকটি জোনে ভাগ করে কার্যক্রম পরিচালনা করা যাবে।

তৃতীয় ভাগ: সাংগঠনিক কাঠামো

৬) সদস্যপদ অর্জন: গাবতলী উপজেলার স্থায়ী নাগরিক, যিনি বাংলাদেশে বা প্রবাসের সরকারি, পাবলিক, স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়, ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ বা বিশ্ববিদ্যালয়ের বর্তমান অথবা প্রাক্তন শিক্ষার্থী, তিনি এ সংগঠনের সদস্যপদ অর্জন করতে পারবেন।

৭) সদস্যপদ বাতিল: যদি কোনো সদস্য নিম্নে উল্লেখিত কার্যক্রমে অংশগ্রহণ করেন, তাহলে কার্যনির্বাহী কমিটি স্থায়ী সদস্যদের সঙ্গে আলোচনার মাধ্যমে উপদেষ্টা পরিষদকে অবহিতপূর্বক তাকে সাময়িকভাবে বহিষ্কার অথবা স্থায়ীভাবে সদস্যপদ বাতিল করতে পারবে।

- I) বাংলাদেশের রাষ্ট্রীয় আইন-কানুন লঙ্ঘনের দায়ে আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হলে।
- II) ধর্মীয় অনুভূতিতে আঘাত প্রদান করলে অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ও রাষ্ট্রীয় আইন লঙ্ঘন করলে।
- III) বাংলাদেশের সংবিধান ও রাষ্ট্রীয় আইনের পরিপন্থী কোনো উদ্যোগ বা কার্যক্রম পরিচালনা করলে অথবা সংবিধান ও রাষ্ট্রীয় আইন আংশিক বা সম্পূর্ণরূপে লঙ্ঘন করলে।
- IV) সংগঠনের স্বার্থপরিপন্থী বা ব্যক্তিস্বার্থ হাসিলের উদ্দেশ্যে সংগঠনে বিশৃঙ্খলা, অপ্রীতিকর বা অপরাধমূলক কার্যক্রম সংঘটিত করলে কিংবা সংগঠনের সর্বস্তরের সদস্য কার্যনির্বাহী কমিটি ও উপদেষ্টা পরিষদের সদস্যদের মধ্যে বিভাজন সৃষ্টির লক্ষ্যে কোনো ধরনের উসকানি, মন্তব্য, বার্তা বা কার্যক্রমে অংশগ্রহণ করলে।
- IV-২) সংগঠনের বিরুদ্ধে কোনো ধরনের ষড়যন্ত্র করলে।
- V) সংগঠনের আর্থিক হিসাব সংরক্ষণে অস্বচ্ছতা, প্রতারণা, অর্থ আত্মসাৎ করলে অথবা কার্যনির্বাহী কমিটিকে অবহিত না করে কোনো ধরনের আর্থিক লেনদেন, মাসিক চাঁদা বা বিশেষ উদ্দেশ্যে সংগঠনের সদস্যদের নিকট থেকে অর্থ সংগ্রহ করলে।
- VI) সংগঠনের নারী সদস্যদের প্রতি আপত্তিকর, রুচিহীন, অশ্লীল বা অশোভনীয় মন্তব্য, বার্তা প্রেরণ, অঙ্গভঙ্গি, ইঙ্গিত বা প্রস্তাব করলে।
- VII) প্রতারণার আশ্রয় নিয়ে সংগঠনের সদস্যপদ অর্জন করলে অথবা মিথ্যা তথ্য প্রদান করলে।
- VIII) রাজনৈতিক উদ্দেশ্যে সংগঠনের নাম প্রতীক বা পরিচয় ব্যবহার করলে অথবা রাজনৈতিক কর্মকাণ্ডে সংগঠনের অংশগ্রহণ, সমর্থন বা সহযোগিতা করলে।

৮) স্থায়ী কমিটি সদস্য: ইউনিভার্সিটি অ্যান্ড মেডিকেল স্টুডেন্টস অ্যাসোসিয়েশন, গাবতলী, বগুড়া-এর শুভাকাঙ্ক্ষী সদস্যবৃন্দ সমন্বয়ে সংগঠনের স্থায়ী কমিটি গঠিত হবে। এছাড়া সময়ে সময়ে নিয়মানুযায়ী স্থায়ী কমিটির সদস্য অন্তর্ভুক্ত ও অব্যাহতি প্রদান করা যাবে।

৯) আজীবন সদস্য: কার্যনির্বাহী কমিটি, স্থায়ী কমিটি, উপদেষ্টা পরিষদের সদস্যদের সমন্বিত আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্তক্রমে কোনো সদস্যকে সংগঠনের আজীবন সদস্য হিসেবে সম্মাননা প্রদান করা যাবে।

১০) উপদেষ্টা পরিষদ: সংগঠনের স্থায়ী সদস্য ও কার্যনির্বাহী কমিটির সদস্যদের মতামত ও পরামর্শের ভিত্তিতে একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হবে। যার সদস্যসংখ্যা, মেয়াদকাল ও অন্যান্য বিষয় স্থায়ী সদস্য ও কার্যনির্বাহী কমিটির আলোচনার প্রেক্ষিতে নির্ধারিত হবে।

- I) গাবতলী উপজেলার পাবলিক, সরকারি, স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও সরকারি মেডিকেল কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে যারা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর সরকারি বা স্বায়ত্তশাসিত চাকরিতে নিয়োজিত এবং সংগঠনের কল্যাণে নিবেদিতপ্রাণ, তাঁদের মধ্য থেকে নির্দিষ্ট সংখ্যক ব্যক্তিকে নিয়ে উপদেষ্টা পরিষদ গঠিত হবে।
- II) এই সংগঠনের প্রাক্তন শিক্ষার্থী সদস্যবৃন্দ উপদেষ্টা পরিষদের সদস্য হতে পারবেন।

১১) কার্যনির্বাহী কমিটি:

- i) স্বায়ত্তশাসিত, পাবলিক, সরকারি বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, সরকারি বা পাবলিক কৃষি বিশ্ববিদ্যালয় ও সরকারি মেডিকেল কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের সমন্বয়ে সংগঠন পরিচালনার নিমিত্তে এক (০১) বছর মেয়াদি কার্যনির্বাহী কমিটি গঠন করা হবে।
- ii) সর্বাপেক্ষা যোগ্য, মেধাবী, সৎ, বিশ্বস্ত, সামাজিকভাবে গ্রহণযোগ্য ব্যক্তিত্বসম্পন্ন, চলমান কমিটিতে গ্রহণযোগ্য সৎ, সক্রিয়, নেতৃত্বগুণসম্পন্ন, যোগ্য, দক্ষ ও অভিজ্ঞ সদস্যরা কার্যনির্বাহী কমিটিতে স্থান পাবেন।
- iii) কার্যনির্বাহী কমিটি গঠনের লক্ষ্যে চলমান কার্যনির্বাহী কমিটি তাদের সক্রিয় ও যোগ্য সদস্যদের কাজের মূল্যায়নের ভিত্তিতে একটি প্রাথমিক খসড়া তালিকা বা সুপারিশ প্রস্তুত করবে। উক্ত তালিকাটি স্থায়ী কমিটি ও উপদেষ্টা পরিষদের যৌথ সভায় পেশ করা হবে। অতঃপর সকলের যৌথ আলোচনা ও ঐকমত্যের ভিত্তিতে পরবর্তী কার্যনির্বাহী কমিটি চূড়ান্তভাবে অনুমোদিত ও মনোনীত হবে। তবে শর্ত থাকে যে, বিশেষ বা ব্যতিক্রমী ক্ষেত্রে যৌথ কমিটির সিদ্ধান্তক্রমে সাধারণ সদস্যদের ভোটাধিকারের মাধ্যমে এক বা একাধিক বিশেষ পদের ক্ষেত্রে নির্বাচনের মাধ্যমে পদায়ন সম্পন্ন করা যাবে।
- iv) কার্যনির্বাহী কমিটির সদস্যসংখ্যা সর্বোচ্চ ৬৯ (উনসত্তর) জন হতে পারবে। যার এক-চতুর্থাংশ নারী সদস্য (সক্রিয়তা সাপেক্ষে) হবেন।
- v) কার্যনির্বাহী কমিটির পদবিন্যাস নিম্নরূপ:
  ১) সভাপতি
  ২) সিনিয়র সহ-সভাপতি
  ৩) সহ সভাপতি
  ৪) সাধারণ সম্পাদক

৫) সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক
৬) যুগ্ম সাধারণ সম্পাদক
৭) সাংগঠনিক সম্পাদক
৮) দপ্তর সম্পাদক
৯) অর্থ সম্পাদক
১০) প্রচার সম্পাদক
১১) সহ-সম্পাদক
১২) সেমিনার বিষয়ক সম্পাদক
১৩) শিক্ষা বিষয়ক সম্পাদক
১৪) ক্রীড়া বিষয়ক সম্পাদক
১৫) ছাত্রী বিষয়ক সম্পাদক
১৬) আইন বিষয়ক সম্পাদক
১৭) বৃত্তি বিষয়ক সম্পাদক
১৮) চিকিৎসা বিষয়ক সম্পাদক
১৯) সমাজসেবা বিষয়ক সম্পাদক
২০) গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক
২১) সাহিত্য বিষয়ক সম্পাদক
২২) বিজ্ঞান বিষয়ক সম্পাদক
২৩) সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক
২৪) ব্লাড উইং সম্পাদক

- vi) কার্যনির্বাহী কমিটিতে পদ প্রদানের ক্ষেত্রে বিগত এক বা একাধিক বছরের কার্যক্রম মূল্যায়নের মাধ্যমে সংগঠনের প্রতি সক্রিয়তা, অরাজনৈতিক মনোভাব, সংগঠন প্রীতি এবং সদস্যদের প্রতি আন্তরিকতাসম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- vii) স্থায়ী কমিটির নিকট পদত্যাগপত্র প্রদানসূচক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ তাঁদের পদ থেকে অব্যাহতি চাইতে পারবেন।
- viii) শারীরিক ও মানসিক অসমর্থতার কারণে কার্যনির্বাহী কমিটির কোনো সদস্যকে অপসারণ করা যেতে পারে। এ জন্য কার্যনির্বাহী কমিটির অর্ধেক সদস্যের লিখিত মতামত স্থায়ী কমিটির নিকট প্রেরণ করতে হবে।
- ix) সংবিধান বা গঠনতন্ত্র লঙ্ঘন কিংবা গুরুতর অসদাচরণের অভিযোগ প্রমাণিত হলে সংগঠনের সাধারণ সদস্য, কার্যনির্বাহী কমিটির সদস্য বা স্থায়ী কমিটির সদস্যকে দ্রুততম সময়ে সাময়িক এবং পরবর্তীতে স্থায়ীভাবে অব্যাহতি বা পদ থেকে অপসারণ করা যাবে।

১২) উপদেষ্টা পরিষদের কার্যাবলি:

- i) উপদেষ্টা পরিষদ সংগঠনের অভিভাবক হিসেবে সংগঠনের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ করবে।
- ii) স্থায়ী সদস্যবৃন্দের সঙ্গে আলোচনার মাধ্যমে নীতি নির্ধারণী বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করবে।
- iii) সংগঠনের জরুরি ও সংকটকালীন পরিস্থিতিতে সংগঠনের স্বার্থ রক্ষায় প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

১৩) কার্যনির্বাহী কমিটির কার্যাবলি:

- i) কার্যনির্বাহী কমিটি এই গঠনতন্ত্রের দ্বিতীয় ভাগের অনুচ্ছেদ ৫)-এ বর্ণিত কার্যাবলি সম্পাদন করবে।
- ii) স্থায়ী সদস্যবৃন্দকে অবহিতপূর্বক সংগঠনের কল্যাণ, স্বাভাবিক অগ্রযাত্রা, বিভিন্ন সমস্যা সমাধান, শিক্ষা ও সচেতনতামূলক কার্যক্রমে অংশগ্রহণ বৃদ্ধি এবং অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে বিভিন্ন পদক্ষেপ, উদ্যোগ ও সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করতে পারবে।
- iii) কার্যনির্বাহী কমিটির যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সকল সদস্যকে অবহিতপূর্বক তাঁদের সম্মিলিত ঐকমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
- iv) গঠনতন্ত্রবিরোধী কার্যক্রমের জন্য স্থায়ী সদস্যদের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অব্যাহতি প্রদান করা হবে।
- v) এছাড়া সংগঠনের প্রয়োজনে, কল্যাণার্থে, বিভিন্ন সময়ে স্থায়ী কমিটি সদস্য, উপদেষ্টা কমিটির সদস্যদের সঙ্গে আলোচনা পূর্বক বিভিন্ন পদক্ষেপ, উদ্যোগ, কার্যক্রম, সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

১৪) স্থায়ী সদস্যবৃন্দের কার্যাবলি:

- i) স্থায়ী সদস্যবৃন্দ সংগঠনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত প্রণয়নে কার্যনির্বাহী কমিটিকে মতামত প্রদান করবেন।
- ii) উপদেষ্টা পরিষদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখবেন এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত প্রণয়নের প্রয়োজনে তাঁদের সঙ্গে আলোচনা করবেন।
- iii) কার্যনির্বাহী কমিটির কার্যক্রম পর্যবেক্ষণ, পরামর্শ প্রদান, উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা করবেন।
- iv) কার্যনির্বাহী কমিটি গঠনের ক্ষেত্রে স্থায়ী সদস্যবৃন্দ অনুচ্ছেদ ১২ iii) অনুযায়ী চূড়ান্ত পর্যালোচনা ও অনুমোদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করবেন।

চতুর্থ ভাগ: বিবিধ

১৫) আয় ও ব্যয়:

- i) সংগঠনের প্রত্যেক সদস্য প্রতি মাসে নির্ধারিত পরিমাণ মাসিক চাঁদা অথবা এক (০১) বছরের জন্য নির্ধারিত পরিমাণ বার্ষিক চাঁদা প্রদান করবেন।
- ii) সংগঠনের শুভাকাঙ্ক্ষী কোনো সদস্য, ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রদত্ত অনুদান সংগঠনের আয় হিসেবে গণ্য হবে।
- iii) দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের সহযোগিতার জন্য প্রদত্ত অর্থ কোনোভাবেই সংগঠনের আয় হিসেবে বিবেচিত হবে না। এই অর্থ সরাসরি সংশ্লিষ্ট দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর জন্য ব্যয় হবে।
- iv) সংগঠনের নিয়মিত কার্যক্রম পরিচালনায় সংগঠনের আয় ব্যয় করা হবে।
- v) কার্যনির্বাহী কমিটি আয়-ব্যয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করবে এবং সময়ে সময়ে তা প্রকাশ করবে।

১৬) অসামঞ্জস্যতা: সংগঠনের গঠনতন্ত্রবহির্ভূত অথবা গঠনতন্ত্রের সঙ্গে সাংঘর্ষিক কোনো সিদ্ধান্ত গ্রহণ করা যাবে না। এরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

১৭) গঠনতন্ত্র সংশোধন: সংগঠনের প্রয়োজনে এই গঠনতন্ত্রের যেকোনো ধারা বা উপধারা সংশোধন, সংযোজন, পরিমার্জন বা পরিবর্তনের ক্ষেত্রে কার্যনির্বাহী কমিটি, স্থায়ী কমিটি এবং উপদেষ্টা পরিষদের যৌথ সভায় উপস্থিত সদস্যদের অন্তত দুই-তৃতীয়াংশ (২/৩) সদস্যের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা যাবে।

১৮) প্রবর্তন ও বলবৎ: এই গঠনতন্ত্র ২০১৮ সালের ১ জুন হতে প্রবর্তিত ও বলবৎ বলে গণ্য হবে। বিশেষ ও সংকটকালীন পরিস্থিতিতে, গঠনতন্ত্রে উল্লেখ না থাকা কোনো বিষয়ে বর্তমান স্থায়ী সদস্য ও উপদেষ্টা পরিষদের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে।

খসড়া প্রণয়নে:

মেহেদী হাসান (এলএলবি অনার্স, এলএলএম), পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।